**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

নং-৫৩.০৩.০০০০.০০০.০৭৫.২২.০০১৪.২০২৫.১১৮ তারিখ: ১৪/০৯/২০২৫ খ্রি.

## সার্কুলার নং-নন-লাইফ ১০৬/২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিভিন্ন সার্কুলার মারফত নির্দেশনা থাকলেও ইদানিং উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু নন-লাইফ বীমাকারী কান্ট্রি লিমিট অতিক্রম করলে বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে প্রিমিয়াম রেট ও শর্তাদি আনয়নের ক্ষেত্রে বীমা ঝুঁকি গ্রহণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য আবেদন করা হচ্ছে না। এছাড়া, বিদেশী পুন:বীমাকারীদের নিকট থেকে প্রিমিয়াম রেট আনয়নের ক্ষেত্রে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত রেটিং কোম্পানী Standard & Poor, AM Best, Moodies and Fitch দ্বারা কমপক্ষে B+ রেটিং থাকার বিধান থাকলেও কিছু কিছু নন-লাইফ বীমাকারী তা প্রতিপালন করছে না, যা বীমা আইন ২০১০ এর ১৩০ ধারার খ উপধারার সুস্পষ্ট লঙ্ঘন। অধিকন্তু পুন:বীমার ক্ষেত্রে অনেক বীমাকারী পুন:বীমা যোগ্য অংশের শতকরা পঞ্চাশ ভাগ সাধারণ বীমা কর্পোরেশনের নিকট পুন:বীমা না করায় "বীমা কর্পোরেশন আইন ২০১৯" এর ১৭(২) ধারা লঙ্ঘিত হচ্ছে।

উপরন্তু, লক্ষ্য করা যাচ্ছে যে, Applicant Companies Co-insurance এর ক্ষেত্রে Submission এর সময় কেবলমাত্র Lead Co-insurer এর ১০০% Placement দিয়ে থাকেন কিন্তু অন্যান্য Co-insurer এর Placement পেতে দেরী হচ্ছে। উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে Lead Co-insurer কে Submission এর সময় অন্যান্য Co-insurer এর Placement সহ Submission দাখিল করার নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

বর্ণিতাবস্থায়, যদি কোন বীমাকারী উপরোল্লিখিত নির্দেশনাবলী পালনে ব্যর্থ হয় তাহলে বীমা আইন ২০১০ এর ১৩০ ধারা অনুযায়ী সংশ্লিষ্ট কোম্পানীর বিরুদ্ধে এ আইনের ধারা লঙ্ঘনের জন্য এবং একইরূপভাবে উপরোল্লিখিত নির্দেশনাবলী পালনে ব্যর্থতার জন্য কোন ব্যক্তি যদি দায়ী হয় তাহলে তার বিরুদ্ধে বীমা আইন ২০১০ এর ১৩৪ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪/০৯/২০২৫

(মো: মাসুদুর রহমান বিশ্বাস)
(উপসচিব)
পরিচালক (রেটিং, অডিট ও জরিপ)
ফোন: +৮৮-০২ ৪১০৫১৩৭৩
E-mail: **directorsurvey@idra.org.bd**

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
২) মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানী, ঢাকা;

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

১) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, ঢাকা;
২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
৩) মিডিয়া এন্ড কমিউনিকেশন পরামর্শক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
৪) নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ;
৫) চেয়ারম্যান মহোদয়ের ষ্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৭) সংশ্লিষ্ট নথি।